

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

তারিখ : ২৮ নভেম্বর ২০১৭

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET) এ নিম্নবর্ণিত শিক্ষক পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	কর্মস্থল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
	প্রভাষক (টেকনিক্যাল)			
০১	প্রভাষক, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ (খন্ডকালীন)	০২	কাদিরাবাদ সেনানিবাস	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে সিজিপিএ-৩.৫০ বা তদুর্ধ্ব থাকতে হবে। খ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বছর। গ) সমপর্যায়ের ডিগ্রীধারী সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।

দরখাস্তের নিয়মাবলী :

- উপরোক্ত পদে আগ্রহী প্রার্থীদের জীবনবৃত্তান্তসহ লিখিত আবেদনপত্র জমা দিতে হবে। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।
- রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ সেনানিবাস, নাটোর বরাবরে আগামী ২৬ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে ডাকযোগে অথবা registrar@bauet.ac.bd ই-মেইলে সিভিসহ আবেদন পত্র প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নহে।
- আবেদনপত্র দাখিলের শেষ তারিখে সংশ্লিষ্ট পদের জন্য আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত সনদ ও কাগজাদি প্রেরণ করতে হবে :
 - সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - ০৩ (তিন) কপি সদ্যতোলা রজিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি উপস্থাপন করতে হবে।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরে ফোনে জানানো হবে।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।
- অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে প্রার্থীর পক্ষে কোন প্রকার প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সুপারিশ/তদবির করা হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সরাসরি অযোগ্য বলে বাতিল করা হবে।
- যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- বেতন আলোচনা সাপেক্ষে ধার্য করা হবে।
- পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

রেজিস্ট্রার

BAUET, কাদিরাবাদ সেনানিবাস

বিতরণঃ

স্টেশন সদর দপ্তর, কাদিরাবাদ সেনানিবাস (নোটিশ বোর্ড)

BAUET, কাদিরাবাদ সেনানিবাস (নোটিশ বোর্ড)

অভ্যন্তরীণঃ

মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)

দ্রোজার